

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৯১  
আগরতলা, ৮ ফেব্রুয়ারি, ২০১৯

এন এল এফ টি-এ টি টি এফ : ট্রাইব্যুনালের  
পরবর্তী বৈঠক ২৫ ফেব্রুয়ারি

ত্রিপুরা সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে বে-আইনী কার্যকলাপ (প্রতিরোধক) আইন, ১৯৬৭-এর অন্তর্গত ট্রাইব্যুনাল-এর বৈঠক ২-৩ ফেব্রুয়ারি, ২০১৯ আগরতলায় রাজ্য অতিথিশালায় অনুষ্ঠিত হয়। সেই অনুযায়ী এন এল এফ টি এবং এ টি টি এফ সম্পর্কিত তথ্য ও প্রমাণ ত্রিপুরা থেকে সংগ্রহ করা হয়। ট্রাইব্যুনাল-এর পরবর্তী বৈঠক বসবে ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে বিকেল ৪.৩০ টায়। আগামী বৈঠকটি অনুষ্ঠিত হবে দিল্লি হাইকোর্টে এবং সেখানে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাক্ষ্য-প্রমাণাদি গ্রহণ করা হবে; প্রশ্ন-জবাব পর্বও থাকতে পারে প্রয়োজনে।

\*\*\*\*\*